

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৬ মাঘ ১৪২৬/২০ জানুয়ারি ২০২০

নম্বর : ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.৩৩—গত ০২ জানুয়ারি ২০২০ তারিখে যুক্তরাজ্যভিত্তিক প্রখ্যাত সংবাদ মাধ্যম ‘দ্য ফাইন্যান্সিয়াল টাইমস’ গুপের মাসিক ম্যাগাজিন ‘দ্য ব্যাংকার’ মাননীয় অর্থমন্ত্রী জনাব আহম মুস্তফা কামালকে ২০২০ সালের জন্য ‘ফাইন্যান্স মিনিস্টার অব দ্য ইয়ার ফর গ্লোবাল এন্ড এশিয়া-প্যাসিফিক এওয়ার্ড ২০২০’-এ ভূষিত করেছে।

২। ২০২০ সালের জন্য বাংলাদেশের অর্থমন্ত্রীর বিশ্বের শ্রেষ্ঠ অর্থমন্ত্রী হিসাবে পুরস্কৃত হওয়া বাঙালি জাতির জন্য এক বিরল সম্মাননা অর্জন। মর্যাদাপূর্ণ এই পুরস্কারে ভূষিত হওয়ার মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করায় মাননীয় অর্থমন্ত্রী জনাব আহম মুস্তফা কামালকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জানিয়ে মন্ত্রিসভার ২৪ পৌষ ১৪২৬/০৮ জানুয়ারি ২০২০ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম  
মন্ত্রিপরিষদ সচিব

( ১৪৫৭ )

মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

২৪ পৌষ ১৪২৬  
ঢাকা : ০৮ জানুয়ারি ২০২০

গত ০২ জানুয়ারি ২০২০ তারিখে যুক্তরাজ্যভিত্তিক প্রখ্যাত সংবাদ মাধ্যম ‘দ্য ফাইন্যান্সিয়াল টাইমস’ গ্রুপের মাসিক ম্যাগাজিন ‘দ্য ব্যাংকার’ মাননীয় অর্থমন্ত্রী জনাব আহম মুস্তফা কামালকে ২০২০ সালের জন্য ‘ফাইন্যান্স মিনিস্টার অব দ্য ইয়ার ফর গ্লোবাল এন্ড এশিয়া-প্যাসিফিক এওয়ার্ড ২০২০’-এ ভূষিত করেছে। উল্লেখ্য স্বদেশে উচ্চ-প্রবৃদ্ধি অর্জন, আর্থিক খাতে গতিশীলতা আনয়ন, দীর্ঘমেয়াদি উন্নয়ন নিশ্চিতকরণসহ অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় গৃহীত পদক্ষেপ বিবেচনা করে বৈশ্বিক পর্যায়ে অর্থমন্ত্রীদের এ পুরস্কারে ভূষিত করা হয়। এশিয়া-প্যাসিফিক, আমেরিকা, আফ্রিকা, মধ্যপ্রাচ্য ও ইউরোপ- এই পাঁচটি অঞ্চলের পাঁচজন অর্থমন্ত্রীর সেরা এবং তাঁদের মধ্য হতে একজনকে বিশ্বের শ্রেষ্ঠ অর্থমন্ত্রী হিসাবে ঘোষণা করা হয়। এই প্রথম বাংলাদেশের কোনো অর্থমন্ত্রী উক্ত পুরস্কার পেলেন। ইতঃপূর্বে ইন্দোনেশিয়া, আর্জেন্টিনা, ভারত প্রভৃতি দেশের অর্থমন্ত্রীগণ এই পুরস্কারে ভূষিত হয়েছেন।

মন্ত্রিসভা মনে করে যে, দেশের আর্থিক খাতে গতিশীলতা সঞ্চারণ, ত্বরমাণ অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিতকরণ, দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ, দারিদ্র্যবিমোচনে প্রায়োগিক উদ্যোগ গ্রহণ, মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ এবং আর্থিক খাতে শৃঙ্খলা ফিরিয়ে আনা ও তা বজায় রাখার ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার কর্তৃক বিগত দশ বছরে গৃহীত যুগান্তকারী পদক্ষেপসমূহ মাননীয় অর্থমন্ত্রীর উক্ত পুরস্কারপ্রাপ্তিতে উল্লেখযোগ্য অবদান রেখেছে। উল্লেখ্য যে অর্থনৈতিক সমৃদ্ধি উত্তরোত্তর বৃদ্ধির লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসরণ করে মাননীয় অর্থমন্ত্রী জনাব আহম মুস্তফা কামাল গত এক বৎসরে যে-সকল কার্যকর উদ্যোগ গ্রহণ করেছেন তাও দেশে-বিদেশে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে এবং উক্ত সম্মাননা অর্জনে সহায়ক ভূমিকা রেখেছে।

উল্লেখ্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রাজ্ঞ দিকনির্দেশনায় বাংলাদেশে পর পর তিন অর্থবছর ৭ শতাংশের ওপর প্রবৃদ্ধি অর্জিত হওয়ার পর গত অর্থবছর ৮.১৫ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করা সম্ভব হয়েছে যা দক্ষিণ এশিয়া অঞ্চলের মধ্যে সর্বোচ্চ। উল্লেখ্য এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) কর্তৃক এপ্রিল ২০১৯-এ প্রকাশিত ‘এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুক ২০১৯’-শীর্ষক প্রতিবেদনে এশিয়া-প্যাসিফিক অঞ্চলের ৪৫টি দেশের মধ্যে বাংলাদেশকে দ্রুততম অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনকারী দেশ হিসাবে উল্লেখ করা হয়েছে। রাষ্ট্রীয় অর্থনীতি-ব্যবস্থাপনার ক্ষেত্রে সামগ্রিক অর্থনৈতিক সূচকসমূহের উর্ধ্বগামিতা, বৈশ্বিক প্রাগ্রসরতার প্রেক্ষাপটে অর্থনৈতিক কর্মকাণ্ডে সামঞ্জস্য বিধান এবং আর্থিক সক্ষমতা অর্জনের মধ্য দিয়ে জনগণের জীবনমান উন্নয়ন বাংলাদেশকে বিশ্বে রোল মডেল হিসাবে পরিচিতি দিয়েছে। বাংলাদেশ আজ স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণ ঘটিয়ে উন্নত দেশে পরিণত হওয়ার অতীষ্ট লক্ষ্যে ধাবমান।

মন্ত্রিসভা মনে করে যে, ২০২০ সালের জন্য বাংলাদেশের অর্থমন্ত্রীর বিশ্বের শ্রেষ্ঠ অর্থমন্ত্রী হিসাবে পুরস্কৃত হওয়া বাঙালি জাতির জন্য এক বিরল সম্মাননা অর্জন। মর্যাদাপূর্ণ এই পুরস্কারে ভূষিত হওয়ার মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করায় মন্ত্রিসভা মাননীয় অর্থমন্ত্রী জনাব আহম মুস্তফা কামালকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd